

কলকাতা বইমেলায় বাংলাদেশ দিবস
গ্রন্থই মানবসভ্যতার
বাহন : আসাদুজ্জামান নূর

অমর সাহা, কলকাতা

বাংলাদেশের সংস্কৃতিমন্ত্রী আসাদুজ্জামান নূর বলেছেন, মানুষের জীবনের বহিঃপ্রকাশের চিরায়ত মাধ্যম গ্রন্থ। মানুষের অমিত শক্তির স্বরূপকে উন্মোচিত এবং বিকশিত করেছে গ্রন্থ। তাই গ্রন্থই মানবসভ্যতার বাহন। কলকাতা আঞ্চলিক বইমেলায় গতকাল বুধবার আয়োজিত বাংলাদেশ দিবস সভ্যতার জন্য গ্রন্থ গ্রন্থের জন্য সভ্যতা শীর্ষক আলোচনায় এ কথা বলেন তিনি।

আলোচনা সভায় প্রধান অতিথি আসাদুজ্জামান নূর আরও বলেন, মানবজাতির জ্ঞানের আলোয় আলোকিত করতে, সংস্কৃতিমান করতে বই অসামান্য অবদান রেখেছে। তিনি মুক্তিযুদ্ধে ভারতের অবদানকে কৃতজ্ঞতার সঙ্গে স্বত্ব করে বলেন, আমাদের দুই দেশের বিরাজমান স্থিতিশীল সমস্যার অচিরেই সমাধান হবে।

মিলনমেলা ময়দানের এসবিআই মিলনায়তনে আয়োজিত এ আলোচনা সভায় বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশের সংস্কৃতিসচিব

রঞ্জিত কুমার বিশ্বাস। মুখ্য আলোচক ছিলেন বাংলাদেশের শিক্ষাসচিব কামাল আবদুল নাদের চৌধুরী এবং আলোচক ছিলেন বাংলা একাডেমির মহাপরিচালক শামসুজ্জামান খান, নজরুল ইনস্টিটিউটের নির্বাহী পরিচালক কবি রশিদ হায়দার, জাতীয় গ্রন্থকেন্দ্রের পরিচালক কবি অসীম সাহা, বাংলাদেশের জ্ঞান ও সৃজনশীল প্রকাশক সমিতির সভাপতি ও সমার্ন গনি প্রমুখ। সভাপতিত্ব করেন কলকাতায় নিযুক্ত বাংলাদেশের উপহাইকমিশনার আবিদা ইসলাম। আলোচনা শেষে আয়োজিত সাংস্কৃতিক অনুষ্ঠানে গান গেয়ে গোনান বাংলাদেশের শিল্পীরা।

মূল প্রবন্ধে কামাল চৌধুরী বলেন, বুদ্ধিবৃত্তি, সংস্কৃতি ও কৃতকৌশলের বিশ্বয়কর অগ্রগতি ও সমৃদ্ধির পথকে প্রশস্ত করেছে বই। শামসুজ্জামান খান বলেন, সাধারণ মানুষের শ্রম, সৃজনশীলতার পাশাপাশি বইয়ের মাধ্যমে সভ্যতার বিকাশ হয়। রঞ্জিত বিশ্বাস বলেন, 'বই না থাকলে আমরা বুঝতে পারতাম না মানুষ কেন অন্য প্রাণীর মতো নয়।'